



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2022

গভর্নর ক্যাথি হোকল

গোল্ড স্টার মা ও পরিবার দিবসের স্বীকৃতিস্বরূপ নিউ ইয়র্ক স্টেটের বিখ্যাত স্থানগুলো সোনালি আলো দিয়ে আলোকিত করা হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

*এই আলোকসজ্জা দায়িত্ব পালন করতে গিয়ে জীবন হারানো আমেরিকান সামরিক বাহিনীর সদস্যদের পরিবারের প্রতি সম্মান জানায়*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে রবিবার, 25 সেপ্টেম্বর তারিখে গোল্ড স্টার মা ও পরিবার দিবসের প্রতি সম্মান জানাতে নিউ ইয়র্ক জুড়ে 14টি বিখ্যাত স্থান সোনালী আলো দিয়ে আলোকিত করা হবে।

"গোল্ড স্টার মা ও পরিবার দিবসে, জাতি হিসেবে আমরা স্মরণ করছি যে প্রতিদিন আমরা যে স্বাধীনতা উপভোগ করছি তা ত্যাগের বিনিময় ছাড়া অর্জিত হয়নি," বলেছেন গভর্নর হোকল। "নিউ ইয়র্ক স্টেট দায়িত্ব পালন করতে গিয়ে জীবন হারানো আমাদের বীর ও দেশপ্রেমিকদের ত্যাগের কথা কখনো ভুলবে না, এবং আমাদের গোল্ড স্টার মা ও পরিবারগুলোর জন্য আমরা আমাদের সর্বোচ্চ পর্যায়ের সহায়তা ও পরিষেবা প্রদান করা অব্যাহত রাখবো।"

প্রতি বছর সেপ্টেম্বর মাসের শেষ রবিবার জাতীয়ভাবে গোল্ড স্টার মা ও পরিবার দিবস হিসেবে পালন করা হয়। গোল্ড স্টার পরিবারগুলো হচ্ছে সেসব পরিবার যারা সংঘাতের সময়ে দায়িত্ব পালনকারী কোনো প্রিয়জনকে হারিয়েছে। "গোল্ড স্টার" শব্দটি প্রথম বিশ্বযুদ্ধের সময় ব্যবহৃত হয়েছিল এবং যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর পতাকার নীল তারকার উপর একটি সোনালী তারকা বসিয়ে দেওয়াকে বুঝাতো।

দেশজুড়ে স্টেটসমূহের রাজধানীগুলো স্মরণীয় এই দিনে এসব পরিবারের ত্যাগের প্রতি সম্মান জানাতে গোল্ড স্টার মা ও পরিবারগুলোকে স্বীকৃত প্রদানের অংশ হিসেবে ভবনগুলো সোনালী আলোয় আলোকিত করে থাকে।

নিউ ইয়র্ক স্টেটের গোল্ড স্টার বাবা-মায়েদের জন্য কয়েকটি কর্মসূচি রয়েছে যেগুলো যারা এতো বেশি ত্যাগ স্বীকার করেছেন তাদের জন্য অব্যাহত পরিষেবা ও সহায়তা প্রদান করা নিশ্চিত করেছে। এগুলোর মধ্যে কয়েকটি হচ্ছে এই দেশের জন্য দায়িত্ব পালন করতে গিয়ে নিজেদের জীবন হারানো সামরিক বাহিনীর সদস্যদের পরিবারের জন্য গোল্ড স্টার প্যারেন্ট অ্যানুইটি (Gold Star Parent Annuity) কর্মসূচি, এবং নিউ ইয়র্কের মিলিটারি এনহ্যান্সড রিকগনিশন ইনসেন্টিভ

এন্ড ট্রিবিউট (Military Enhanced Recognition Incentive and Tribute) - বা MERIT - স্কলারশিপ। সেইসাথে, গোল্ড স্টার পরিবারগুলোকে সহায়তা করার জন্য কর্মসূচিগুলো সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে স্টেটজুড়ে গোল্ড স্টার সংস্থাগুলোর পাশাপাশি স্থানীয় কাউন্টি ভেটেরান সার্ভিস সংস্থাগুলোর সাথে অংশীদার হয়ে এই স্টেট কাজ করে যাচ্ছে।

যেসব বিখ্যাত স্থানগুলি আলোকিত করা হবে তার মধ্যে আছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- এরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ভেটেরান্স সার্ভিসেস (Division of Veterans' Services)-এর ডিরেক্টর ভিভিয়ানা ডি কোহেন বলেন,** "গোল্ড স্টার মায়েরা ও পরিবারগুলো নিজেদের আগে সেবা প্রদানকে অগ্রাধিকার দেওয়ার অর্থ অনুধাবন করেন এবং আমাদের স্টেট ও জাতির জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকারকারী তাদের প্রিয়জনদের ঐতিহ্যের প্রতি সম্মান দেখাতে তাদের অব্যাহত কাজের মধ্যে এই আদর্শকে ধারণ করেন। তারা যাতে সর্বোচ্চ মানের সহায়তা ও সেবা পান সে বিষয়টি নিশ্চিত করা আমাদের পবিত্র দায়িত্ব ও সম্মান, যা তাদেরকে অব্যাহতভাবে প্রদান করে যাওয়ার জন্য আমরা প্রতিদিন সচেতন থাকি।"

### **গোল্ড স্টার পরিবারগুলোর জন্য সহায়তা**

গোল্ড স্টার প্যারেন্ট অ্যানুইটি ও MERIT স্কলারশিপ অ্যাক্সেস করতে সহায়তার জন্য, অনুগ্রহ করে 888-838-7697 নম্বরে ফোন করে অথবা তাদের [ওয়েবসাইটে](#) গিয়ে নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ভেটেরান্স সার্ভিসেস-এর একজন ভেটেরান্স বেনিফিট অ্যাডভাইজারের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট নিন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418